রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৭, ২০২০

## ৬ষ্ঠ খণ্ড

## প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

**বাংলাদেশ সুপ্রীমকোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা।**
**(প্রশাসন শাখা)**
**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

নং **১ই/২কল/২০২০/৪৬৭১(১)**-এ—বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোট বিভাগের সুপারিনটেনডেন্ট জনাবা আয়শা সিদ্দিকা-এর জন্ম তারিখ ২৭-০৯-১৯৬১ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮(২০১৮ সনের ৫৭ নং আইন) অনুযায়ী দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত ৪৩(১) (ক) ধারা অনুযায়ী তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ২৬-০৯-২০২০ খ্রিঃ তারিখ থেকে তাঁকে সরকারী চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাকে ২৭-০৯-২০২০ খ্রিঃ তারিখ হতে ২৬-০৯-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ৭ অক্টোবর ২০২০ খ্রিঃ

নং **১ই/২ কল-৩৮/২০২০/৪৮০২(১)**-এ—বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোট বিভাগের সহকারী বেঞ্চ অফিসার জনাব এ, কে, এম, সাইদুর রহমান-এর জন্ম তারিখ ০১-১২-১৯৬১ খ্রিঃ বিধায় সরকারি চাকরি আইন, ২০১৮(২০১৮ সনের ৫৭ নং আইন) অনুযায়ী দ্বাদশ অধ্যায়ে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ সংক্রান্ত ৪৩ (১) (ক) ধারা অনুযায়ী তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্তিতে ৩০-১১-২০২০ খ্রিঃ তারিখ থেকে তাঁকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাঁকে ০১-১২-২০২০ খ্রিঃ তারিখ হতে ৩০-১১-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের অবসর-উত্তর ছুটি (Post-retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ: ১ অক্টোবর ২০২০ খ্রিঃ

নং **১ই/২ কল/২০১৯/৪৬৭২(১)**-এ—বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোট বিভাগের প্রশাসনিক কর্মকর্তা জনাব মোঃ আব্দুল ওয়াহেদ -এর জন্ম তারিখ ১০-০২-১৯৬২ খ্রিঃ তাঁর চাকুরীকালে ২৫ বছরের অধিক অতিক্রান্ত হয়েছে। তাঁর স্বেচ্ছায় অবসর গমনের আবেদনের প্রেক্ষিতে সরকারি চাকরি আইন, ২০১৮(২০১৮ সনের ৫৭ নং আইন) অনুযায়ী দ্বাদশ অধ্যায়ে সরকারি কর্মচারীর স্বেচ্ছায় অবসর গ্রহণ সংক্রান্ত ৪৪ (১) ধারা অনুযায়ী ৩১-১০-২০২০ খ্রিঃ তারিখ থেকে তাঁকে সরকারি চাকরি হতে স্বেচ্ছায় অবসর প্রদান করা হলো।

২। উপরিউল্লিখিত আইনের ৪৭ ধারা মোতাবেক তাঁকে ০১-১১-২০২০ খ্রিঃ তারিখ হতে ৩১-১০-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের স্বেচ্ছায় অবসর-উত্তর ছুটি (Post-retirement Leave) মঞ্জুর করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

আদেশক্রমে

**মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহ**
**(সংস্থাপন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৩ আশ্বিন ১৪২৭/২৮ সেপ্টেম্বর ২০২০

**নং ০৫.৪৫.০০০০.০০৬.১৯.০১০.১৮-৩৯২**—বিসিএস প্রশাসন ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পাশে উল্লিখিত পদে বদলি/পদায়ন করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম, পরিচিতি নম্বর ও নিজ জেলা | স্পাউজের জেলা | বর্তমান কর্মস্থল | বদলিকৃত পদ ও কর্মস্থল |
|---|---|---|---|---|
| (ক) | জনাব মোঃ ফারুক-আল-মাসুদ<br>পরিচিতি নম্বর-১৭৫৭১<br>নিজ জেলা-টাঙ্গাইল | টাঙ্গাইল | জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১৩৭.০০.০০৮.১৯-৫৫৬ নম্বর প্রজ্ঞাপনমূলে সিনিয়র সহকারী কমিশনার হিসেবে পরবর্তী পদায়নের প্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়, ময়মনসিংহে যোগদানকৃত। | সিনিয়র সহকারী কমিশনার জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর। |

০২। উল্লিখিত কর্মকর্তা আগামী ২৯-০৯-২০২০ খ্রিঃ তারিখ অপরাহ্নে এ কার্যালয় হতে অবমুক্ত হবেন।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ কামরুল হাসান** এনডিসি
বিভাগীয় কমিশনার।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়,**
**রংপুর বিভাগ, রংপুর।**
**রাজস্ব শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৯ আশ্বিন ১৪২৭/২৪ সেপ্টেম্বর ২০২০

**নং ০৫.৪৭.০০০০.০০৮.০১.০০৪.২০.৫১৬**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তার নামের পার্শ্বে উল্লিখিত উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে বদলি/পদায়ন করা হলো।

জনাব মোঃ মহিউদ্দিন, পরিচিতি নং-১৮০৫৯, উপজেলা ভূমি অফিস জলঢাকা, নীলফামারী—উপজেলা ভূমি অফিস ঘোড়াঘাট, দিনাজপুর।

২। বর্ণিত কর্মকর্তাকে স্ব-অধিক্ষেত্রে রেন্ট সার্টিফিকেট মামলা পরিচালনার নিমিত্ত ১৯১৩ সালের পিডিআর এ্যাক্টের ৩(৩) ধারা মোতাবেক সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আবদুল ওয়াহাব ভূঞা**
বিভাগীয় কমিশনার।

---

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**

**অতিরিক্ত পরিচালকের কার্যালয়**
**ফরিদপুর, অঞ্চল, ফরিদপুর।**

**অফিস আদেশ**

তারিখ : ০৪ অক্টোবর ২০২০

নং **১২.১৬.২৯০০.০৩৯.১৯.০১১.১৬/১৩৪০(৭)**—কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ফরিদপুর অঞ্চলে কর্মরত নিম্নবর্ণিত কর্মকর্তাকে একই বেতন স্কেল ও পদমর্যাদায় নামের পার্শ্বে উল্লিখিত কর্মস্থলে বদলীযোগে পদায়ন করা হলো।

মোঃ আব্দুর রশিদ, সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার, উপজেলা কৃষি অফিস, সদরপুর, ফরিদপুর—উপজেলা কৃষি অফিস, চরভদ্রাসন, ফরিদপুর।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ রিফাতুল হোসাইন**
অতিরিক্ত পরিচালক।

**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**অতিরিক্ত পরিচালকের কার্যালয়**
**বরিশাল অঞ্চল, বরিশাল।**

**অফিস আদেশ**

তারিখ : ০৭ অক্টোবর ২০২০

নং **১২.১৬.০৬০০.০৩৯.২৭.০৫৯.১৩/৯৫০/১(৭)**—কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বরিশাল অঞ্চল, বরিশালের অধীনে কর্মরত নিম্নোক্ত কর্মকর্তাকে একই বেতনস্কেলে তাঁর নামের পার্শ্বে উল্লিখিত শুন্য পদে বদলী/পদায়ন করা হলো। বদলীজনিত কারণে তিনি ভ্রমণ ভাতা বিল প্রাপ্য হবেন না।

জনাব মোঃ আক্কাচ উদ্দিন শরীফ, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, আগৈলঝাড়া, বরিশাল—সহকারী কৃষি সম্প্রসারণ পদে উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, গৌরনদী, বরিশাল।

অত্রাদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আফতাব উদ্দিন**
অতিরিক্ত পরিচালক।

---

**কারা অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৫ আশ্বিন ১৪২৭/২০ সেপ্টেম্বর ২০২০

নং **৫৮.০৪.০০০০.০২২.০১.০০৫.২০২০-৪৮৯(৩৫)**—কারা অধিদপ্তরের প্রজ্ঞাপন নং-৫৮.০৪.০০০০.০২২.০১.০০৫.২০২০-৪৫৮ (৫০) তারিখ : ৮-৯-২০২০ এর মাধ্যমে জারিকৃত বদলির আদেশ আংশিক পরিবর্তন করত: জনস্বার্থে নিম্নোক্তভাবে বদলির আদেশ জারি করা হলো। সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে বদলিকৃত কর্মস্থলে সত্তর যোগদানের জন্যও নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রজ্ঞাপনের অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবি | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল ও পদবি |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ সোহেল রানা বিশ্বাস, জেলার (বর্তমান সাময়িক বরখাস্ত) | পটুয়াখালী জেলা কারাগার | বরগুনা জেলা কারাগার জেলার (বর্তমান সাময়িক বরখাস্ত) (শূন্য পদে) |
| ২ | জনাব মোঃ আনোয়ার হোসেন জেলার (মূলপদ-উপ-তত্ত্বাবধায়ক) | কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার (শরীয়তপুর জেলা কারাগারে বদলির আদেশপ্রাপ্ত) | পটুয়াখালী জেলা কারাগার জেলার |
| ৩ | জনাব মোঃ আমিরুল ইসলাম ডেপুটি জেলার | পটুয়াখালী জেলা কারাগার | শরীয়তপুর জেলা কারাগার জেলার (ভারপ্রাপ্ত) |

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**এ কে এম মোস্তফা কামাল পাশা**
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক।

---

**কমিশনার অব কাস্টমস এর কার্যালয়**
**কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট।**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১১ অক্টোবর ২০২০

নং **২য়/ইটি-৭(২)/বদলী/সিঃকমিঃ/২০১১(অংশ-২)/৩৪৫১**–কাস্টম, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এর নীচে বর্ণিত সহকারী রাজস্ব কর্মকর্তাগণকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | নতুন/বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১ | জনাব মোঃ হারুন আল রশিদ ১৪-১২-১৯৮৫ | আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার | আবগারী ও ভ্যাট বিভাগ, হবিগঞ্জ |
| ০২ | জনাব মোঃ সাইফুদ্দিন ১৬-১০-১৯৮২ | আবগারী ও ভ্যাট বিভাগ, মৌলভীবাজার | আবগারী ও ভ্যাট বিভাগ, হবিগঞ্জ |

২। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ১১-১০-২০২০ তারিখ থেকে কার্যকর হবে।

নং **২য়/ইটি-৭(৮)/বদলী/সি:কমি:/২০১১(অংশ-১)/৩৪৫২**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এ কর্মরত নীচে উল্লিখিত রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব)-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলি/পদস্থ করা হলো :

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | বদলিকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ০১ | জনাব মুহাম্মদ মামুন মিয়া সরকার<br>২০-১২-১৯৭৪ | ইছামতি এলসি স্টেশন প্রেষণে সদর দপ্তর, সিলেট। | ইছামতি এলসি স্টেশন প্রেষণে আবগারী ও ভ্যাট সার্কেল-১, হবিগঞ্জ। |
| ০২ | জনাব সজীব পাল<br>৩১-১২-১৯৮৭ | আবগারী ও ভ্যাট সার্কেল, দক্ষিণ সুনামগঞ্জ প্রেষণে সদর দপ্তর, সিলেট। | আবগারী ও ভ্যাট বিভাগ, সুনামগঞ্জ। |

৩। এই আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং ১১-১০-২০২০ তারিখ থেকে কার্যকর হবে।

**হোসাইন আহমেদ**
কমিশনার।

---

**যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর**

**The General Clause Act, 1897 এর ২১ ধারা মোতাবেক**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২০ খ্রি:

নং **আরজেএসসি/১০৫৬**—এতদ্বারা The General Clause Act, 1897 এর ২১ ধারার ক্ষমতাবলে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের কার্যালয়ে নিবন্ধিত "মাদানী সোসাইটি বাংলাদেশ" (রেজি: নং-এস-৩১০১) নামীয় সোসাইটির নিবন্ধন বাতিল করা হল।

**মুহাম্মদ শফিকুল ইসলাম**
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২০ খ্রিঃ

নং **আরজেএসসি/ডি, এন/১৪৩৩০**—কোম্পানি আইন, ১৯৯৪ এর ৩৪৬ (৫) ধারা অনুযায়ী এই মর্মে বিজ্ঞপ্তি প্রকাশ করা যাচ্ছে যে, New Bashundhara Real Estate Ltd. নামীয় কোম্পানিটির নাম যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের নিবন্ধন বহি হতে কর্তন করা হল এবং অত্র গেজেট বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ার সঙ্গে সঙ্গে কোম্পানিটি বিলুপ্ত হয়ে যাবে :

তবে শর্ত থাকে যে, কোম্পানির কেনো পরিচালক এবং সদস্যের যদি কোনো দায় দেনা থাকে তবে তা অব্যাহত থাকবে।

**Md. Siraj Uddin**
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে।

---

**আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর**

**গণবিজ্ঞপ্তি**
**(আমদানি বাণিজ্য নিয়ন্ত্রণ)**

তারিখ : ২৮ সেপ্টেম্বর ২০২০ খ্রি:

নং **২৩০(২০১৫-২০১৮)/আমদানি**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জামান এন্টারপ্রাইজ ঠিকানা : -ক-২০০/৩/খ, কুড়িল স্কুল রোড, ভাটারা, ঢাকা এর অনুকূলে এ দপ্তর হতে OLM এর মাধ্যমে জারিকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১০২৩৩৭১৯, তারিখ : ২৬-০৯-২০১৯ খ্রি: প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে এতদ্বারা বাতিল করা হলো।

২। বাতিলকৃত বাণিজ্যিক আইআরসি নং-২৬০৩২৬১১০২৩৩৭১৯, তারিখ : ২৬-০৯-২০১৯ খ্রিঃ এর অনুকূলে কোনো প্রকার আমদানি করলে বা করার চেষ্টা করলে তা বিদ্যমান আমদানি নীতি আদেশের পরিপন্থী বলে গণ্য হবে।

**সৈয়দা স্বীকৃতি রহমান**
নির্বাহী অফিসার।
আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রক, ঢাকা এর পক্ষে।

**বন অধিদপ্তর**

**প্রধান বন সংরক্ষকের কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ আশ্বিন, ১৪২৭/০৮ অক্টোবর, ২০২০

নং **২২.০১.০০০০.০০৭.০৫.৩৪৪.১৮.১২৩৮**—বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের স্মারক নং ৮০.১১০.০১১.০০.০০.০৬. ২০১৯.১১৭/১ তারিখ ০৮-০৩-২০২০ খ্রিঃ মূলে প্রদত্ত সুপারিশ এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্মারক নং-২২.০০. ০০০০.০৬৮.১১.০০৪.২০.১৭ তারিখ : ১৬-০৬-২০২০ খ্রি: মূলে প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে পুলিশ ভেরিফিকেশন এবং স্বাস্থ্য পরীক্ষা সম্পন্নক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে বন অধিদপ্তরের "ফরেস্ট রেঞ্জার" (১০ গ্রেড) এর শূন্য পদের বিপরীতে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-১০ (টাকা ১৬,০০০/–৩৮,৬৪০/-) বেতনক্রমে নিম্নোক্ত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নং | প্রার্থীর নাম ও পিতার নাম | রেজি: নং | জন্ম তারিখ | নিজ জেলা | পদের নাম |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ আবদুল মালেক<br>পিতা-জয়নাল আবদীন | ০৩৫২০২ | ৩১-০৩-১৯৯২ | কুমিল্লা | ফরেস্ট রেঞ্জার (১০ম গ্রেড) |
| ২। | জনাব মোঃ মজনু প্রাং<br>পিতা-মোঃ মেহের আলী | ২১০১৪৯ | ১০-০৫-১৯৮৬ | বগুড়া | ফরেস্ট রেঞ্জার (১০ম গ্রেড) |
| ৩। | জনাব রিয়াজ রহমান<br>পিতা-মোঃ সায়ফুল আলম | ১০০৫৪৮ | ০১-০১-১৯৯১ | চাঁদপুর | ফরেস্ট রেঞ্জার (১০ম গ্রেড) |
| ৪। | জনাব মোঃ সুমন মিয়া<br>পিতা-মোঃ সুলতান উদ্দিন | ০৩৬৬১৩ | ২৩-০৬-১৯৯০ | ঢাকা | ফরেস্ট রেঞ্জার (১০ম গ্রেড) |
| ৫। | জনাব মোঃ উজ্জল হোসাইন<br>পিতা-আব্দুল কুদ্দুস | ২০৯৩৭৭ | ২৬-০৬-১৯৯০ | রাজশাহী | ফরেস্ট রেঞ্জার (১০ম গ্রেড) |

**২। চাকরির শর্তাবলি :**

(ক) প্রার্থীগণকে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে চাকরি থেকে অপসারণ করা হবে;

(খ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন প্রদত্ত মেধা তালিকা ও প্রচলিত অন্যান্য সরকারি বিধি মোতাবেক প্রার্থীগণের জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(গ) যদি প্রার্থীগণের মধ্য হতে কেহ বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঘ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের সদস্যদের জন্য কোনো যৌতুক নিবেন না এবং যৌতুক দিবেন না;

(ঙ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী যোগদানের সময় তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র জমা দিতে হবে;

(চ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে প্রার্থীগণের চাকরির বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও বন অধিদপ্তরের প্রচলিত বিধি, আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে প্রার্থীগণের চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ছ) প্রার্থী কর্তৃক দাখিলকৃত কোনো একটি বা একাধিক শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ভবিষ্যতে ভূয়া/ত্রুটিপূর্ণ/জাল বা জালিয়াতি তঞ্চকতাপূর্ণভাবে সৃষ্ট মর্মে প্রমাণিত হলে কোনো প্রকার কারণ না দর্শিয়ে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গৃহীত হবে;

(জ) প্রার্থীগণকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ পশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। নির্ধারিত প্রশিক্ষণ ও শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঝ) উপানুচ্ছেদ (জ) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উর্ত্তীণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঞ) প্রার্থীগণ যদি শিক্ষানবিশকালীন অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হবার তিন বছরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন এবং ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন তবে উপানুচ্ছেদ (ঝ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ট) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন প্রার্থীগণ প্রচলিত সরকারি বিধি মোতাবেক বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঠ) এ চাকরিতে যোগদানের জন্যে তিনি কোনো প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা পাবেন না ; এবং

(ড) এ নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে।

৩। অনুচ্ছেদ-২ এ উল্লিখিত শর্তাবলি প্রার্থীর নিকট গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে তাঁকে আগামী ০১-১১-২০২০ খ্রি: তারিখ পূর্বাহ্নে প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ এর কার্যালয়ে যোগদানের জন্য অনুরোধ করা হলো।

৪। নির্ধারিত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রার্থী যোগদানে ইচ্ছুক নন মর্মে গণ্য করা হবে এবং তার নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

**মোঃ আমীর হোসাইন চৌধুরী**
প্রধান বন সংরক্ষক (চঃদাঃ)।

---

**চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ আশ্বিন ১৪২৭/০৬ অক্টোবর ২০২০

নং **১৫.৫৭.০০০০.০০১.৩৫.০০৩.১৩-৭০১০**—তথ্য মন্ত্রণালয়ের ২৮ সেপ্টেম্বর ২০২০ তারিখের ১৫.০০.০০০০.০১৯.১২.০০৪.১৫-২৪৮ সংখ্যক পত্রের প্রেক্ষিতে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের ১১তম গ্রেডভুক্ত 'ইন্সপেক্টর'-এর ০১ (এক) টি শূন্য পদে নিম্নবর্ণিত কর্মকর্তাকে নামের পার্শ্বে বর্ণিত পদ ও বেতনস্কেলে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নং | নাম ও পদবি | পদোন্নতি প্রাপ্ত পদের নাম ও বেতন স্কেল |
|---|---|---|
| ১। | মিজ আনোয়ারা খাতুন, সহকারী প্রকাশনা রেজিস্ট্রার | ইন্সপেক্টর, বেতন স্কেল: ১২৫০০—৩০২৩০/- (গ্রেড-১১) |

২। তিনি ১(এক) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন এবং তার চাকুরীকাল সন্তোষজনকভাবে পূর্ণ হওয়া সাপেক্ষে পদোন্নতিপ্রাপ্ত পদে স্থায়ী (Confirm) করা হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কর্যকর হবে।

**স. ম. গোলাম কিবরিয়া**
মহপরিচালক (চলতি দায়িত্ব)।

---

**গণযোগাযোগ অধিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২০ খ্রি:

নং **গযো/১২পি-৩২/৮৯/২২০৯**—এ অধিদপ্তরের রক্ষণাবেক্ষণ তত্ত্বাবধায়ক, জনাব মোঃ ফজলুল হক-এর চাকরিবহি অনুযায়ী জন্ম তারিখ ১৮-১০-১৯৬১। তাঁর বয়স ১৭-১০-২০২০ তারিখে ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে।

পরিপ্রেক্ষিতে, গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪-এর সংশোধনী আইন The Public Servants (Retirement) (Second Amendment) Ordinance-2011 এবং অর্থবিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০ (অংশ-৩)/৬২ নং প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ (ক) অনুযায়ী তাঁকে ১৭-১০-২০২০ তারিখ অবসর প্রদান এবং তাঁর অনুকূলে ছুটি পাওনা থাকায় ১৮-১০-২০২০ থেকে ১৭-১০-২০২১ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর পূর্ণগড় বেতনে অবসরউত্তর ছুটি মঞ্জুর করা হলো।

**আকতার হোসেন**
মহাপরিচালক(চলতি দায়িত্ব)।

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

### অফিস আদেশ

তারিখ : ২৯ আশ্বিন, ১৪২৭/১৪ অক্টোবর, ২০২০

নং **৫৮.০২.০০০০.০০৬.১৮.৭১৫.১৮-৩৫৩৪**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৯ জুলাই, ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯. ০২০.২০-৫০১ সংখ্যক প্রজ্ঞাপনমূলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে প্রেষণে কর্মরত পরিচালক (অপারেশনস ও গোয়েন্দা) জনাব ড. এ.এফ.এম মাসুম রব্বানী (বিপি-৬৯৯৫০৫০২৪৮), উপমহাপুলিশ পরিদর্শককে বর্তমান প্রেষণ পদ থেকে প্রত্যাহারপূর্বক নিজ কর্ম অধিক্ষেত্রে প্রত্যাবর্তনের জন্য তাঁর চাকুরি জননিরাপত্তা বিভাগে ন্যস্ত করা হয়। উক্ত প্রজ্ঞাপনাদেশ এবং সুরক্ষা সেবা বিভাগের ১৯ আগস্ট, ২০২০ তারিখের ৫৮.০০.০০০০.০৬১.৩৫.০৩৫.১৮-১৮৪ সংখ্যক পত্রের নির্দেশনা মোতাবেক জননিরাপত্তা বিভাগে যোগদানের নিমিত্ত তাঁকে অদ্য ১৪ অক্টোবর, ২০২০ তারিখ অপরাহ্নে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে অবমুক্ত করা হলো।

**মোহাম্মদ আহসানুল জব্বার**
মহাপরিচালক।

---

## যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর

**The General Clause Act, 1897 এর ২১ ধারা মোতাবেক**

### বিজ্ঞপ্তি

তারিখ : ০৫ অক্টোবর ২০২০ খ্রিঃ

নং **আরজেএসসি/১০৬৮**—এতদ্বারা The General Clause Act, 1897 এর ২১ ধারার ক্ষমতাবলে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের কার্যালয়ে নিবন্ধিত "Antarzatik Manobadhikar Goyenda Sangbad Society" (রেজিঃ নং-এস-৬৬৩৪) নামীয় সোসাইটির নিবন্ধন বাতিল করা হয়েছে।

**মোঃ সিরাজ উদ্দিন**
সহকারী নিবন্ধক
নিবন্ধকের পক্ষে।

---

## পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০২০ খ্রি.

নং **৪৪.০১.০০০০.০১২.১৩.০০৩.২০.৯২৩**—কেএমপি, খুলনায় কর্মরত সশস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ রাছেক শেখ (বিপি-৬৫৮৪০৪৭৮৮৬) কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৪(১) ধারা এবং অর্থ মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং অম/অবি/প্রবি-১/চাঃ বিঃ-৩/২০১০(অংশ-৩) /৬২, তারিখ ০৬-০৪-২০১০ খ্রি. মোতাবেক আবেদন অনুযায়ী ০১-১০-২০২০ খ্রি. তারিখে ঐচ্ছিক অবসর এবং ০২-১০-২০২০ খ্রি. হতে ০১(এক) বৎসর অবরস-উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

প্রচলিত বিধি মোতাবেক তিনি অবসরজনিত সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ : ০৪ অক্টোবর ২০২০ খ্রি.

নং **৪৪.০১.০০০০.০১২.১৯.০৬৬.১৯.৯২৮**—নিম্নবর্ণিত পুলিশ পরিদর্শককে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবেদনক্রমে তার নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলি করা হলো :

জনাব মোঃ গোলাম কিবরিয়া (বিপি-৭০৯৫০৭৭২৫৭), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—ডিএমপি, ঢাকা।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ০৭-১০-২০২০ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ০৮-১০-২০২০ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

তারিখ : ০৫ অক্টোবর ২০২০ খ্রি.

নং **৪৪.০১.০০০০.০১২.১৯.০৭৯.১৯.৯৩২**—নিম্নবর্ণিত পুলিশ পরিদর্শকদ্বয়কে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত আবেদনক্রমে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলি করা হলো :

১। জনাব মোহাম্মদ আব্দুর সাত্তার (বিপি-৮০০৬১১৯৫৫০), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—এসবি, ঢাকা।

২। জনাব মোঃ আব্দুল মজিদ শেখ (বিপি-৬৪৮৫০৬২৫৬০), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিআইডি, ঢাকা—পিটিসি, টাঙ্গাইল।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১৩-১০-২০২০ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৪-১০-২০২০ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

নং **৪৪.০১.০০০০.০১২.১৯.০৭৮.১৯.৯৩৩**—নিম্নবর্ণিত পুলিশ পরিদর্শকগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলি করা হলো :

১। জনাব মোঃ এনামুল হক (বিপি-৬৭৯৮০৫৬৯২০), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিএমপি, চট্টগ্রাম—নৌ পুলিশ, ঢাকা।

২। জনাব শিল্পী রানী দেবনাথ (বিপি-৭২৯৮০৪২৮২৪), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিএমপি, চট্টগ্রাম—ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, ঢাকা।

৩। জনাব গিয়াস উদ্দিন (বিপি-৬৭৯৩০০৬২১৭), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, সিএমপি, চট্টগ্রাম—এপিবিএন।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ১৩-১০-২০২০ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৪-১০-২০২০ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

নং **৪৪.০১.০০০০.০১২.১৯.০১০.১৯.৯৩৪**—নিম্নবর্ণিত পুলিশ পরিদর্শককে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তার নামের পার্শ্বে উল্লিখিত স্থানে বদলি করা হলো :

জনাব জিয়া মোঃ মোস্তাফিজ ভূঁইয়া (বিপি-৭৩৯৬০৭০৫৯২), নিরস্ত্র পুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেলওয়ে জেলা—এন্টি টেররিজম ইউনিট, ঢাকা।

উল্লিখিত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ০৭-১০-২০২০ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ০৮-১০-২০২০ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Release) হয়েছেন বলে গণ্য হবেন।

**ড. মোঃ মইনুর রহমান চৌধুরী** বিপিএম বার
অ্যাডিশনাল আইজি (এএন্ডও)।

---

## ডিআইজি আর্মড পুলিশ ব্যাটালিয়ানের কার্যালয়
## উত্তরা, ঢাকা।

### বিজ্ঞপ্তি

তারিখ : ২৯ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ/১৩ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

নং **১৭২-২০২০/(এপিস)/১৩৮০**—এয়ারপোর্ট (১৩) এপিবিএন, উত্তরা, ঢাকায় কর্মরত পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) জনাব মোঃ শাহ্ গোলাম মোর্তুজা, বিপি-৬১৮১০৩৮৫০৮ এর জন্ম তারিখ ০১-১১-১৯৬১ খ্রিঃ অনুযায়ী ৩১-১০-২০২০ খ্রিঃ তার চাকরি ৫৯ (ঊনষাট) বৎসর পূর্তিতে অবসর উত্তর ছুটি (পিআরএল) গমনের লক্ষ্যে তাঁর আবেদনক্রমে সরকারী কর্মচারী (অবসর) আইন (১৯৭৪ সনের ১২ নং আইন) এর ৪ ধারা মতে ৩১-১০-২০২০ খ্রিঃ হতে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হ'ল।

২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা কর্তৃক প্রদত্ত ছুটি প্রাপ্যতার প্রত্যয়ন অনুযায়ী ৩১-১০-২০২০ খ্রিঃ অপরাহ্ন হতে ৩০-১০-২০২১ খ্রিঃ পর্যন্ত ১২(বার) মাসের পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হ'ল।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর সুবিধাদি প্রাপ্য হবেন।

**মোঃ নিশারুল আরিফ**
ডিআইজি এসপিবিএন
ডিআইজি এপিবিএন (অতিরিক্ত দায়িত্ব)।

---

## পুলিশ হেডকোয়ার্টার্স

### প্রজ্ঞাপন

তারিখ : ৫ অক্টোবর ২০২০ খ্রি.

নং **৪৪.০১.০০০০.০১১.১৯.০০৩.১৯.১৭০১**—নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জনস্বার্থে তাদের নামের পাশে উল্লিখিত পদে/স্থানে বদলি/পদায়ন করা হলো :

১। জনাব মোঃ গোলাম রব্বানী শেখ, পিপিএম (বিপি-৮৩১০১২৬৮৮২), অতিরিক্ত পুলিশ সুপার, ক-সার্কেল, যশোর—অতিরিক্ত পুলিশ সুপার, গোপালগঞ্জ।

২। জনাব সনাতন চক্রবর্তী (বিপি-৮০১০১২৬৮৩৫), অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, বগুড়া—অতিরিক্ত পুলিশ সুপার, ইনসার্ভিস ট্রেনিং সেন্টার, লালমনিরহাট।

৩। জনাব জিনিয়া চাকমা (বিপি-৮৭১৩১৫৯৩৬১), অতিরিক্ত পুলিশ সুপার, এসবি, ঢাকা—অতিরিক্ত পুলিশ সুপার, খাগড়াছড়ি সার্কেল, খাগড়াছড়ি।

৪। জনাব এফ, এম, ফয়সাল (বিপি-৮১১৩১৫৯৪৯৭), অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি—অতিরিক্ত পুলিশ সুপার (সদর), মেহেরপুর।

৫। জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম (বিপি-৮১১৩১৫৯৩৪৪), অতিরিক্ত পুলিশ সুপার, সিআইডি—অতিরিক্ত পুলিশ সুপার (সদর), নীলফামারী।

৬। জনাব মোঃ মিজানুর রহমান ভূঁঞা (বিপি-৮৫১২১৪৭৭৮২), সহকারী পুলিশ সুপার, কসবা সার্কেল, ব্রাহ্মণবাড়ীয়া—সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

৭। জনাব মোঃ ফারুক হোসেন (বিপি-৮৮১৪১৬৬২৭৭), সহকারী পুলিশ সুপার, বাউফল সার্কেল, পটুয়াখালী—সহকারী পুলিশ সুপার, গলাচিপা সার্কেল, পটুয়াখালী।

৮। জনাব মোঃ ওয়ালিউল ইসলাম (বিপি-৯০১৮২২০৫৮৫), সহকারী পুলিশ সুপার, সিআইডি—সহকারী পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

৯। জনাব সাইফুল ইসলাম খান (বিপি-৮৯১৮২২০৪৯০), সহকারী পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট—সহকারী পুলিশ সুপার, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

১০। জনাব নুর নবী (বিপি-৬৪৮৮০৫৩৫০৯), সহকারী পুলিশ সুপার, শিল্পাঞ্চল পুলিশ—সহকারী পুলিশ সুপার, সিআইডি।

১১। জনাব জি, এম মাজহারুল ইসলাম (বিপি-৮৯১৭১৯৫২১৫), সহকারী পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রোপলিটন পুলিশ, গাজীপুর—সহকারী পুলিশ সুপার, র‌্যাব।

১২। জনাব তাসলিম হুসাইন (বিপি-৯১১৮২২০৫৪০), সহকারী পুলিশ সুপার, র‌্যাব—সহকারী পুলিশ সুপার, ৬ষ্ঠ এপিবিএন, মহালছড়ি, খাগড়াছড়ি।

১৩। জনাব মোঃ মাহমুদুল হাসান চৌধুরী (বিপি-৮৭১৬১৭৮৩৬৫), সহকারী পুলিশ সুপার, জগন্নাথপুর সার্কেল, সুনামগঞ্জ—সহকারী পুলিশ সুপার, ১০ এপিবিএন, বরিশাল।

১৪। জনাব মোঃ সাইফুল ইসলাম (বিপি-৬৬৮৯০৭০৫৮৩), সহকারী পুলিশ সুপার, সিআইডি—সহকারী পুলিশ কমিশনার, আরএমপি, রাজশাহী।

১৫। জনাব আবু ছালেহ মোঃ আনছার উদ্দীন (বিপি-৬৯৯১০১০৪৭৫), সহকারী পুলিশ সুপার, ৫ম এপিবিএন, ঢাকা—সহকারী পুলিশ সুপার, র‌্যাব।

১৬। জনাব মোঃ মোস্তফা হারুন (বিপি-৬৫৯০০৬৯১৮৬), সহকারী পুলিশ সুপার, ২য় এপিবিএন, মুক্তাগাছা, ময়মনসিংহ—সহকারী পুলিশ সুপার, ৫ম এপিবিএন, ঢাকা।

১৭। জনাব শেখ মোহাম্মদ আবু যাহিদ (বিপি-৬৪৮৯০০৮৮৩৮), সহকারী পুলিশ সুপার, সিআইডি—সহকারী পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা।

১৮। জনাব মোঃ শাহ্ জালাল (বিপি-৬৩৮৮০৯৯৮২০), সহকারী পুলিশ সুপার, সিআইডি—সহকারী পুলিশ সুপার, ৩য় এপিবিএন, খুলনা।

১৯। জনাব এস, এম, আরিফ রাইয়ান (বিপি-৯২১৭১৯৫২৩২), সহকারী পুলিশ সুপার, শিল্পাঞ্চল পুলিশ—সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

২০। জনাব মোঃ মাহমুদুজ্জামান (বিপি-৮৮১৮২২০৫৬০), সহকারী পুলিশ সুপার, পিবিআই—সহকারী পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

২১। জনাব মফিজুর রহমান (বিপি-৯১১৬১৭৮৩৯৮), সহকারী পুলিশ কমিশনা, ডিএমপি, ঢাকা—সহকারী পুলিশ সুপার, আরআরএফ, রংপুর।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. বেনজীর আহমেদ,** বিপিএম (বার)
ইন্সপেক্টর জেনারেল।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, চাঁদপুর।**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**ঘোষণা**

**[ ১৩(২) ধারা মোতাবেক ]**

**এল, এ কেস নং-১১/১৮-১৯**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ২০১৭ (২০১৭ সনের ২১নং আইন) এর ১১নং ধারা মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে মর্মে অনুমতি হইয়াছে,

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩নং ধারার (২) উপ-ধারা অনুসারে আমি এতদ্বারা ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি অধিগ্রহণ করা হইয়াছে এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সম্পূর্ণরূপে সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা-চাঁদপুর, উপজেলা-ফরিদগঞ্জ, মৌজা-ভাটিয়ালপুর, জে এল নং-১০১

| খতিয়ান নং | দাগ (বি আর এস) | অধিগ্রহণকৃত ভূমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১৩৯ | ৫০৩ | ০.০৩০০ |
| ১৩৯ | ৫০৮ | ০.০৫৫০ |
| ১৩৯ | ৫০২ | ০.০১০০ |
| ২৫৪ | ৫০৪ | ০.০৫০০ |
| ২৩১ | ৫০৫ | ০.০৮০০ |
| ২৩১ | ৫০৭ | ০.০২০০ |
| ১৯১ | ৫০৬ | ০.০৮৫০ |
| | মোট= | ০.৩৩ একর। |

**মোঃ মাজেদুর রহমান খান**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী।**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর আলোকে এল.এ কেস নং-০৬/২০১৯-২০**

**ঘোষণা**

**[ ধারা ১৩ এর উপ-ধারা (২) মোতাবেক ]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন এর ধারা ১১ অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ধারা ১৩ এর উপ-ধারা (২) অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজার নাম : ৪২নং জামালপুর, উপজেলা : সেনবাগ, জেলা : নোয়াখালী

| খতিয়ান নং (বি.এস/সৃজিত) | দাগ নং (বি.এস) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১৫৯ | ৫৯৫২ | ০.৮৭০০ | ০.১৬০০ |
| | | অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ = | ০.১৬০০ একর। |

**মোহাম্মদ খোরশেদ আলম খান**
জেলা প্রশাসক।

---

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর আলোকে এল.এ কেস নং-০৪/২০১৯-২০**

**ঘোষণা**

**[ ধারা ১৩ এর উপ-ধারা (২) মোতাবেক ]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নোক্ত তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন এর ধারা ১১ অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ধারা ১৩ এর উপ-ধারা (২) অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

মৌজার নাম : ২৩৭নং আলীপুর, উপজেলা : বেগমগঞ্জ, জেলা : নোয়াখালী

| খতিয়ান নং (এস.এ/সৃজিত) | দাগ নং (এস.এ) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৪৯৭ | ১১২৭ | ০.১৫০০ | ০.০০৫০ |
| ৪৯৭, ২৩২৩, ২০৭, ১৮৭৬, ১০৮৭ | ১১২৮ | ০.৩৮০০ | ০.০৯৫০ |
| ৬৯৮, ১৮৭৬, ১০৮৭ | ১১৩২ | ০.৭৬০০ | ০.১২০০ |
| অধিগ্রহণকৃত মোট জমির পরিমাণ = | | | ০.২২০০ একর। |

**মোহাম্মদ খোরশেদ আলম খান**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, যশোর।**

**(এল এ শাখা)**

**এল.এ কেস নং ০৪/২০১৭-১৮**

**"ফরম ঘ"**

**( ৫নং বিধি দ্রষ্টব্য )**

**ঘোষণা**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী ২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন এর ১১ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**তফসিল**

জেলা-যশোর, উপজেলা-যশোর সদর, মৌজা-বাহাদুরপুর, জে এল নং-১০৬

| খতিয়ান নং (আর এস) | দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একর) | প্রস্তাবিত জমির পরিমাণ (একর) | জমির শ্রেণি | পূর্ণ/আংশিক |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৪২৯ | ৪৩৪৯ | ০.১৯ | ০.১৮ | ধানী | আংশিক |
| ৩১২ | ৪৩৫০ | ০.০৫ | ০.০৪ | ধানী | আংশিক |
| ৩১২ | ৪৩৫১ | ০.০৬ | ০.০৪৫ | ধানী | আংশিক |
| ৪২৯ | ৪৩৫২ | ০.১১ | ০.০৭৫ | ধানী | আংশিক |
| ৫০৪ | ৪৩৫৩ | ০.২১ | ০.২১ | ধানী | পূর্ণ |
| ৫০৪ | ৪৩৫৪ | ০.২২ | ০.২২ | ধানী | পূর্ণ |
| ২০৬ | ৪৩৫৫ | ০.২০ | ০.২০ | ধানী | পূর্ণ |
| ২০৬ | ৪৩৫৬ | ০.২৬ | ০.২৬ | ধানী | পূর্ণ |
| ৫০৪ | ৪৩৫৭ | ০.১০ | ০.০৮ | ধানী | আংশিক |
| ১১২৫ | ৪৩৫৯ | ০.১২ | ০.১১ | ধানী | আংশিক |
| ১১২৫ | ৪৩৬০ | ০.১২ | ০.১২ | ধানী | পূর্ণ |
| ৫০৮ | ৪৩৬১ | ০.০৭ | ০.০৭ | ধানী | পূর্ণ |
| ৫০৮ | ৪৩৬২ | ০.১২ | ০.১২ | ধানী | পূর্ণ |
| ৬৭৫ | ৪৩৬৩ | ০.২৭ | ০.১২ | ধানী | আংশিক |
| ৬৭৫ | ৪৩৬৪ | ০.১৬ | ০.১১৫ | ধানী | আংশিক |

মোট = ১.৯৬৫ একর।

জেলা-যশোর, উপজেলা-যশোর সদর, মৌজা-পাঁচবাড়িয়া, জে এল নং-১১০

| খতিয়ান নং (আর এস) | দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একর) | প্রস্তাবিত জমির পরিমাণ (একর) | জমির শ্রেণি | পূর্ণ/আংশিক |
|---|---|---|---|---|---|
| ১০৪/০১ | ৪০৭৮ | ০.৩০ | ০.২৬ | ধানী | আংশিক |
| ২৩৬ | ৪০৭৯ | ০.১১ | ০.০৮ | ধানী | আংশিক |
| ৯৪২ | ৪০৮০ | ০.০৮ | ০.০৮ | ধানী | পূর্ণ |
| ১৬০ | ৪০৮১ | ০.২২ | ০.২২ | ধানী | পূর্ণ |
| ৩১৯ | ৪০৮২ | ০.৩৬ | ০.৩৬ | ধানী | পূর্ণ |

মোট = ১.০০ একর।

জেলা-যশোর, উপজেলা-যশোর সদর, মৌজা-বালিডাংগা, জে এল নং-১৮১

| খতিয়ান নং (আর এস) | দাগ নং | দাগে মোট জমির পরিমাণ (একর) | প্রস্তাবিত জমির পরিমাণ (একর) | জমির শ্রেণি | পূর্ণ/আংশিক |
|---|---|---|---|---|---|
| ২৩২ | ৪১১ | ০.৩৬ | ০.১১ | ধানী | আংশিক |
| ৩৪২ | ৪১২ | ০.০৯ | ০.০৯ | ধানী | পূর্ণ |
| ৬৮ | ৪১৩ | ০.৩০ | ০.১৫ | ধানী | আংশিক |
| ৩৩৫ | ৪১৪ | ০.২৮ | ০.২৫৫ | ধানী | আংশিক |
| ১২৩ | ৪১৬ | ০.১৯ | ০.০২ | ধানী | আংশিক |
| ৮ | ৪১৭ | ০.০২ | ০.০২ | ধানী | পূর্ণ |
| ৭ | ৪১৮ | ০.০২ | ০.০২ | ধানী | পূর্ণ |
| ৭ | ৪১৯ | ০.০৭ | ০.০৭ | ধানী | পূর্ণ |
| ৮ | ৪২০ | ০.১০ | ০.১০ | ধানী | পূর্ণ |

মোট = ০.৮৩৫ একর।

সর্বমোট জমির পরিমাণ = ৩.৮০ একর।

**আহমেদ জিয়াউর রহমান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**রায়পুরা, নরসিংদী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০২০ খ্রি.।

নং **০৫.৩০.৬৮৬৪.১১০.০২.২০৪.১২-৮১৪**—এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার মির্জাপুর ইউনিয়নের ০২নং ওয়ার্ডের (সংরক্ষিত আসন) নির্বাচিত ইউনিয়ন পরিষদ সদস্য পুষ্প মালা বিশ্বাস, স্বামী : মৃত পদ্মকান্তি বিশ্বাস, গ্রাম : আনারাবাদ, পোঃ : পিরিজকান্দি, উপজেলা : রায়পুরা, জেলা : নরসিংদী ক্যান্সারে আক্রান্ত হয়ে বিগত ২৫-০৭-২০২০ খ্রি. তারিখে তার নিজ বাড়িতে মৃত্যুবরণ করেছেন (দিব্যান লোকান স-গচ্ছতি)।

২। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) (সংশোধন) আইন, ২০১০ এর ধারা ৩৫(ঙ) এর ২ উপ-ধারা অনুসারে আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি মোঃ শফিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী উক্ত ২৫-০৭-২০২০ খ্রি. তারিখ হতে নরসিংদী জেলাধীন রায়পুরা উপজেলার মির্জাপুর ইউনিয়নের ২নং ওয়ার্ডের (সংরক্ষিত আসন) ইউনিয়ন পরিষদ সদস্য পদটি শূন্য ঘোষণা করলাম।

**মোঃ শফিকুল ইসলাম**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**হবিগঞ্জ সদর, হবিগঞ্জ।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ অক্টোবর ২০২০ খ্রিঃ

নং **০৫.৪৬.৩৬৪৪.০০১.০৩.০১৭.২০-৮৩৫(১০)**—হবিগঞ্জ জেলার হবিগঞ্জ সদর উপজেলাধীন ৬নং রাজিউড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব এনামুল হক আহমেদ (শেখ কামাল), পিতা-মৃত ভিংরাজ মিয়া, গ্রাম-হরগাঁও, উপজেলা-হবিগঞ্জ সদর, জেলা-হবিগঞ্জ বিগত ০৮-১০-২০২০ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ০৬:০০ ঘটিকায় হৃদরোগে আক্রান্ত হয়ে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেছেন (ইন্না লিল্লাহে .................. রাজেউন)।

এমতাবস্থায়, আমি মোঃ শাখাওয়াত হোসেন রুবেল, উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০১৯ এর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সদস্য পদ শূন্য হওয়া সংক্রান্ত ৩৫(২) ধারার ক্ষমতাবলে একই আইনের ৩৫(১)(ঙ) মতে মৃত্যুজনিত কারণে হবিগঞ্জ সদর উপজেলাধীন ৬নং রাজিউড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পদটি ০৮-১০-২০২০ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**মোঃ শাখাওয়াত হোসেন রুবেল**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**জামালগঞ্জ, সুনামগঞ্জ।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২০

নং **০৫.৪৬.৯০৫০.০০০.৯৯.১৬১.২০-৮৬২**—সুনামগঞ্জ জেলাধীন জামালগঞ্জ উপজেলার ৪নং সাচনা বাজার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ নুরুল হক আফিন্দী ২২-০৯-২০২০ তারিখ স্বেচ্ছায় পদত্যাগ পত্র দাখিল করেন।

২। দাখিলকৃত পদত্যাগপত্রটি নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গৃহীত হওয়ায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ২ উপধারার প্রদত্ত ক্ষমতাবলে আমি বিশ্বজিত দেব, উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ অদ্য ২২-০৯-২০২০ তারিখ হতে জামালগঞ্জ উপজেলার ৪নং সাচনা বাজার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদটি শূন্য ঘোষণা করলাম।

**বিশ্বজিত দেব**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**বন সংরক্ষকের কার্যালয়**
**কেন্দ্রীয় অঞ্চল**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২২ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ/০৭ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

**নং ২২.০১.০০০০.৬০১.৪২.০০৪.১৮.১৪৪৫**—৭ মে, ২০১১ খ্রিঃ তারিখে বাংলাদেশ গেজেট এর অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত এস.আর. ও নং-১০৭-আইন/২০১১ মোতাবেক বনজদ্রব্য পরিবহন (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১১ এর ৪ নং বিধির উপবিধি (৮) অনুসারে বন অধিদপ্তরের কেন্দ্রীয় অঞ্চলাধীন টাঙ্গাইল বন বিভাগের অন্তর্গত ঢাকা-টাঙ্গাইল মহাসড়কের ৯০-৯১ কি. মি. এর মধ্যে টাঙ্গাইল শহর হতে ঢাকা অভিমুখে প্রায় ১০ কি. মি. দূরবর্তী করটিয়া বাইপাস সড়কের সন্নিকটে "করটিয়া বাইপাস বন শুল্ক ও পরীক্ষণ ফাঁড়িটি" স্থাপনের অনুমতি প্রদান করা হয়, যা এপ্রিল ১৯, ২০১৮ খ্রিঃ তারিখে বাংলাদেশ গেজেটে (৬ষ্ঠ খণ্ডে) প্রকাশিত হয়। উক্ত ফাঁড়িটি টাঙ্গাইল সদর উপজেলার ঢাকা-টাঙ্গাইল-বঙ্গবন্ধু সেতু মহাসড়কের রাবনা বাইপাস হতে বঙ্গবন্ধু সেতু অভিমুখে ০২-০৩ কি. মি. এর মধ্যবর্তী "পাছ বিক্রমহাটি" এলাকায় স্থানান্তরের জন্য জনস্বার্থে অনুমতি প্রদান করা হলো।

| চেক স্টেশন/বন শুল্ক ও পরীক্ষণ ফাঁড়ির নাম | অবস্থান | নিয়ন্ত্রণকারী বন বিভাগের নাম |
|---|---|---|
| করটিয়া বাইপাস বন শুল্ক ও পরীক্ষণ ফাঁড়ি | টাঙ্গাইল শহর এর রাবনা বাইপাস হতে বঙ্গবন্ধু সেতু অভিমুখে ০২-০৩ কি. মি. এর মধ্যবর্তী "পাছ বিক্রমহাটি" এলাকায় ঢাকা-টাঙ্গাইল-বঙ্গবন্ধু সেতু মহাসড়কের সন্নিকটে। | টাঙ্গাইল বন বিভাগ |

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আর. এস. এম. মুনিরুল ইসলাম**
বন সংরক্ষক।

**সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ**
**প্রশাসন শাখা**
**প্রশাসন পরিদপ্তর**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪২৭/১৫ ডিসেম্বর ২০২০

**নং ৪৪.০২.১২০৫.০০৪.০২.০৩৬.২০.১৭৫—১**। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সীমান্ত অধিশাখা-১ প্রজ্ঞাপন এস, আর, ও নং ২৩১-আইন/২০১৬ তারিখ ১৭ জুলাই ২০১৬ অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সীমান্ত-১ অধিশাখা স্মারক নং ৪৪.০০.০০০০.১১৬.৬৩.০০২.১৮.২১৭ তারিখ ১০ নভেম্বর ২০২০ এর আলোকে সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, প্রশাসন শাখা, প্রশাসন পরিদপ্তর, ঢাকা পত্র নং ৪৪.০২.১২০৫.০০৪.০২.০৩৬.২০.১৪০ তারিখ ১৯ নভেম্বর ২০২০ মোতাবেক বিভাগীয় পদোন্নতি পর্ষদ গঠন করা হয়। উক্ত পদোন্নতি পর্ষদ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ, সীমান্ত-১ অধিশাখা স্মারক নং ৪৪.০০.০০০০.১১৬.৬৩.০০২.১৮-২৫২ তারিখ ১৫ ডিসেম্বর ২০২০ মোতাবেক অনুমাদিত হওয়ায় মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ নিম্নবর্ণিত পদবীধারী বর্ডার গার্ড সদস্যগণকে ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০/- টাকা জাতীয় বেতন স্কেল ২০১৫ এ প্রাপ্য অন্যান্য ভাতাসহ ১৫ ডিসেম্বর ২০২০ তারিখ হতে সহকারী পরিচালক (এডি) পদে পদান্নতি প্রদান করেছেন :

| ক্রমিক | নম্বর, পদবি ও নাম | ইউনিট | এডি পদে বরাদ্দকৃত নম্বর |
|---|---|---|---|
| ১। | ৭১৯৯৫ ল্যান্স নায়েক কে.এইচ.এম গোলাম কিবরিয়া | বিজিটিসিএন্ডসি | বিজিডিও-২৭৭ |
| ২। | ৬১৫১৩ নায়েক সিগন্যালস্ মুহাম্মদ নজরুল ইসলাম | খুলনা ব্যাটালিয়ন (২১ বিজিবি) | বিজিডিও-২৭৮ |
| ৩। | ৬৭১৯৩ নায়েক মোহাম্মদ ইমরান হোসেন | রিজিয়ন সদর দপ্তর, সরাইল | বিজিডিও-২৭৯ |
| ৪। | ৬৬৪১০ নায়েক সহকারী এম পি শামীম | ঢাকা ব্যাটালিয়ন (২৬ বিজিবি) | বিজিডিও-২৮০ |
| ৫। | ৬৫৯৩০ নায়েক মোহাম্মদ জসীম উদ্দিন | নওগাঁ ব্যাটালিয়ন (১৬ বিজিবি) | বিজিডিও-২৮১ |
| ৬। | ৬৩৮৯৫ নায়েক মোঃ আব্দুর রাজ্জাক মন্ডল | বিএসবি, ঢাকা | বিজিডিও-২৮২ |
| ৭। | ৬৫৮৮১ নায়েক মোঃ রফিকুল ইসলাম | বিজিটিসিএন্ডসি | বিজিডিও-২৮৩ |
| ৮। | ৬৪৩১২ ল্যান্স নায়েক সিগন্যালস্ তহিদুজ্জামান শেখ | নীলফামারী ব্যাটালিয়ন (৫৬ বিজিবি) | বিজিডিও-২৮৪ |
| ৯। | ৬৬৫৪২ নায়েক মোঃ আবদুল হক | বিএসবি, ঢাকা | বিজিডিও-২৮৫ |
| ১০। | ৬৪৩১৪ নায়েক জামাল উদ্দিন | নওগাঁ ব্যাটালিয়ন (১৬ বিজিবি) | বিজিডিও-২৮৬ |
| ১১। | ৬৬৪০১ নায়েক মুহাম্মদ জামাল উদ্দীন | রংপুর ব্যাটালিয়ন (৫১ বিজিবি) | বিজিডিও-২৮৭ |
| ১২। | ৬৫৭৫৬ নায়েক মোহাম্মদ জহিরুল হক | খাগড়াছড়ি ব্যাটালিয়ন (৩২ বিজিবি) | বিজিডিও-২৮৮ |
| ১৩। | ৬৫৮০৩ নায়েক মোঃ হাচানুর রহমান | পঞ্চগড় ব্যাটালিয়ন (১৮ বিজিবি) | বিজিডিও-২৮৯ |
| ১৪। | ৬৫৯০১ নায়েক মোহাম্মদ মোজাম্মেল হক ভূইয়া | পত্নীতলা ব্যাটালিয়ন (১৪ বিজিবি) | বিজিডিও-২৯০ |
| ১৫। | ৬৪৬০৯ ল্যান্স নায়েক সিগন্যালস্ মোহাম্মদ শাহ আলম | রংপুর ব্যাটালিয়ন (৫১ বিজিবি) | বিজিডিও-২৯১ |
| ১৬। | ৬৪৩০৩ নায়েক মোহাম্মদ আব্দুল বাছিত | সেক্টর সদর দপ্তর, রামু | বিজিডিও-২৯২ |

২। উক্ত অফিসারগণ পদোন্নতির তারিখ হতে ০৬ (ছয়) মাস শিক্ষানবিশ (Probationary Period) সহকারী পরিচালক (এডি) হিসাবে কর্মরত থাকবেন ।

মহাপরিচালকের আদেশক্রমে

**মোঃ শফিউল আলম খান**
পরিচালক (প্রশাসন)।